



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/২০১৬/৪০৮১

তারিখ: ১৭/০৮/২০১৬খ্রি.

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি সংক্রান্ত মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং -২০৪৩/২০১৩ এর রায় বাস্তবায়ন প্রসঙ্গে।


সূত্র : (১) মহামান্য হাইকোর্টের রিটপিটিশন নং ২০৪৩/২০১৩ এর প্রদত্ত রায়।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং ৩৭.০০.০০০০.৭২.৩২.০৪৫.১২.১৬০, তারিখ -০৯/০৮/২০১৬

১। উপরোক্ত বিষয় এবং সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশালের সকল উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ মহোদয়ের সদয় অবগতির জন্য, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল কর্তৃক অনুমোদিত যে সকল কলেজের গভর্নিং বডিতে মাননীয় স্থানীয় সংসদ সদস্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত প্রবিধান মালা, ২০০৯ এর ৫/১ এবং ৫/২ ধারা মোতাবেক সভাপতি মনোনিত হয়েছিলেন, তাঁদের সভাপতি হিসেবে মনোনয়ন বাতিল করা হয়েছে।

এমতাবস্থায় সভাপতির উক্ত শূন্যপদ পূরণের লক্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রবিধান মালা -২০০৯ এর মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক কর্তনকৃত অংশবাদে, ৫/৩ ধারা মোতাবেক সভাপিত মনোনয়নের জন্য ০৩ (তিন) জন ব্যক্তির নামের তালিকা আগামী ২৮.০৮.২০১৬ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে বরিশাল শিক্ষাবোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২। ধারা ৫০ এর অধীন বিশেষ ধরনের গভর্নিং বডির সকল কার্যক্রম উল্লিখিত সূত্র মতে রোহিত ঘোষণা করা হলো এবং এ ধরনের প্রতিষ্ঠানে প্রবিধান মালা -২০০৯ এর বিধি ৩৯ অনুসরণ করে এডহক কমিটি গঠন করে আগামী ২৮.০৮.২০১৬ তারিখের মধ্যে তা বরিশাল শিক্ষাবোর্ডে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

  
১৭.০৮.২০১৬

ড. মো : লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল।